

# সব শিক্ষাপ্রতিষ্ঠানে জরুরি নির্দেশনা দিয়ে মাউশির চিঠি

অনলাইন ডেক্স



শিক্ষাপ্রতিষ্ঠানে জুলাই গণঅভ্যর্থনা পুনর্জাগরণ অনুষ্ঠানমালা,  
২০২৫ আয়োজনের উদ্যোগ নিয়েছে সরকার। এর প্রেক্ষিতে  
শিক্ষাপ্রতিষ্ঠানে জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা আয়োজনের  
নির্দেশ দেওয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সহকারি  
পরিচালক মো. খালিদ হোসেনের স্বাক্ষরিত এক চিঠিতে এ তথ্য  
জানানো হয়। এ চিঠি প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্টদের পাঠানো  
হয়েছে।

চিঠিতে বলা হয়, জুলাই গণঅভ্যর্থনা দিবসসমূহ পালনের জন্য  
প্রধান উপদেষ্টার নেতৃত্বে জাতীয় কমিটি গঠন করা হয়েছে। এ  
লক্ষ্যে জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা আয়োজনে শিক্ষা

মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর বা শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য

অংশটুকু পালনের জন্য বলা হয়েছে।

৭ জুলাই বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী পাঠানো হয়েছে।

এতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন

শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য অংশটুকু পালনের জন্য বলা

হয়েছে।